



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 7  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 29.07.2020

১) 'ময়ূর' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নিচে কতকগুলি সংকেত দেওয়া হল :-

সংকেত : সূচনা — আকৃতি — প্রকৃতি — খাদ্য — প্রাপ্তিস্থান — উপকারিতা।

## নমুনা অনুচ্ছেদ

ভারতের জাতীয় পাখি ময়ূর। ময়ূরী অপেক্ষা ময়ূর দেখতে সুন্দর। এদের সমস্ত শরীর নীল ও সোনালি পালকে ঢাকা ও দেহের তুলনায় পুচ্ছের আকার বেশ বড়ো। পুচ্ছগুলিতে থাকে উজ্জ্বল নীল আভাযুক্ত সোনালি রং আর ঐ রঙের উপর থাকে নীল চোখের মতো ছোটো ছোটো গোলাকার চিহ্ন। এদের মাথায় ঝুঁটি থাকে ও গলার স্বর খুব কর্কশ। ময়ূর খুব সাহসী পাখি এবং দল বেঁধে বনে জঙ্গলে বাস করলেও সহজেই পোষ মানে। শুকনো লতাপাতা দিয়ে তৈরি বাসায় ময়ূরী একবারে তিন - চারটি ডিম পাড়ে। ময়ূর পোকামাকড়, সাপ, ব্যাঙ, গাছের ফসল, ধান, গম, ফলমূল, কচিপাতা, ফুলের কুঁড়ি প্রভৃতি খায়। আমাদের দেশে বিহার, ওড়িশা, উত্তরপ্রদেশ, রাজস্থান, মধ্যপ্রদেশ প্রভৃতি রাজ্যে ময়ূর দেখা যায়। পোকামাকড়, সাপ, ব্যাঙ ইত্যাদি খেয়ে ময়ূর মানুষের অনেক উপকার করে এবং ময়ূরের পালক দিয়ে সুন্দর পাখা ও নানারকম শৌখিন জিনিস তৈরি হয় এছাড়া কবিরাজি ওষুধ তৈরির কাজেও ময়ূরের পালক ব্যবহার করা হয়।

Rita Das

\_\_\_\_\_ x \_\_\_\_\_